

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৫.০২২.০৬৫.২০১৭-২৬৪

তারিখঃ ১৮/০৪/২০১৮ খ্রিঃ

বিষয় : সিটি কর্পোরেশন এবং ওয়াসাসমূহের বিদ্যমান আইন পর্যালোচনাপূর্বক যুগোপযোগীকরণের লক্ষ্যে কমিটির দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।


সূত্র : ৪৬.০০.০০০০.০৮৫.০২২.০৬৫.২০১৭-৯০৫(ক), তারিখঃ ০৪/০৩/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিটি কর্পোরেশন এবং ওয়াসাসমূহের বিদ্যমান আইন পর্যালোচনাপূর্বক যুগোপযোগীকরণের লক্ষ্যে সুপারিশমালা প্রণয়নের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের ০৭/০৮/২০১৭ তারিখের ৫৪৬নং স্মারকমূলে একটি কমিটি গঠন করা হয় (কপি সংযুক্ত)। কমিটি কর্তৃক এ সংশ্লিষ্ট প্রতিবেদন দাখিল করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত প্রতিবেদনে নিম্নবর্ণিত একটি সুপারিশ প্রদান করা হয় :

‘ঢাকা মহানগরীর জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে দীর্ঘস্থায়ী ও টেকসই ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। কমিটির সুপারিশ অনুযায়ী ড্রেনেজ ব্যবস্থাপনার উন্নতিকল্পে ঢাকা ওয়াসা কর্তৃক ইতোমধ্যে প্রণীত ড্রেনেজ মাস্টারপ্ল্যান নগরীর বৃষ্টিপাতের গড় পরিমাপের উপর ভিত্তি করে হালনাগাদকরণসহ প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করে জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করবে’।

২। এমতাবস্থায়, উক্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী ৮ (আট) ফর্দ।


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৭০
watersupply_02@yahoo.com

ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।